JULY SHOHID jatiyshohid.com জুলাই শহীদ.COM

**নাম: মো: ইউসুফ**

**জন্ম তারিখ: ১ জানুয়ারি, ০০০১**

**শহীদ হওয়ার তারিখ: ৫ আগস্ট, ২০২৪**

**ব্যক্তিগত তথ্য:**

পেশা: দিনমজুর,
শাহাদাতের স্থান : চকবাজার মেডিকেল হাসপাতাল

## শহীদের জীবনী

নিহত ইউসুফের বাড়ি চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার পাটিরহাট ইউনিয়নের পশ্চিম ডলার গ্রামে।তিনি ওই গ্রামের দিনমজুর মো: ইউনুস ও সখিনা বেগমের সন্তান।তার জন্ম নিজ গ্রামে।তার বয়স হয়েছিলো ৩৬ বছর।তিনি বিবাহিত ছিলেন।বর্তমানে তার স্ত্রী এবং ৩ সন্তান তার বাবা মায়ের সাথে তার গ্রামের বাড়িতেই থাকেন।বর্তমানে তার স্ত্রী সাজেদা বেগম ৩ সন্তান কে নিয়ে মানবেতর জীবন অতিবাহিত করছেন

ঘটনা সংক্রান্ত বিবরণ
তিনি ৫ আগষ্ট হাসিনা সরকার পতনের পরে স্থানীয় শহরে বিজয় মছিলে শরীক হয়েছিলেন ।পরবর্তীতে তার পরিবার ইউসুফের কোন খোঁজ পাচ্ছিলেন না।রাত ১২ টায় চকবাজার মেডিকেলে ইউসুফের মৃত্যু অবস্থায় থাকার সংবাদ পান শহিদের স্ত্রী সাজেদা বেগম।এছাড়া কোন এলাকায় এবং কোথায় গুলিবিদ্ধ হয় সে ব্যাপারে তার পরিবার কোন তথ্য পাননি ।
হত্যার বিচার চাইলেন ইউসুফের পরিবার
শহীদের স্ত্রী সাজেদা বেগম বলেন আমার স্বামী খুব ভালো মানুষ ছিলেন সন্তানদের অনেক যত্ন করতেন তিনি ছিলেন আমার সংসারে একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি।তার মৃত্যুতে আমার পরিবার অসহায় অবস্থায় দিন কাটাচ্ছি।আমার স্বামীকে যারা হত্যা করছে আমি তাদের বিচার দাবি করছি

একনজরে শহীদের পরিচয়
নাম : মো: ইউসুফ
পেশা : দিনমজুর
বয়স : ৩৬ বছর
শহীদ হওয়ার তারিখ : ০৫ আগস্ট ২০২৪, আনুমানিক সন্ধ্যা ০৭.০০ টা
শাহাদাত বরণের স্থান : চকবাজার মেডিকেল হাসপাতাল
দাফন করা হয় : সামাজিক কবরস্থান ( চট্টগ্রাম হাটহাজারী )
স্থায়ী ঠিকানা : গ্রাম- পশ্চিম ডলার, ইউনিয়ন- পাটিরহাট, উপজেলা- হাটহাজারী , জেলা- চট্টগ্রাম
পিতা : মো: ইউনুস
মাতা : সখিনা বেগম
ভাইবোনের বিবরণ:
১. মো: জুনায়েদ হোসেন, সম্পর্ক: ছেলে, বয়স: ১০ পেশা: ছাত্র-২য় শ্রেনি
২. আলিফা আক্তার, সম্পর্ক: মেয়ে, বয়স: ০৮, পেশা: ছাত্রী-২য় শ্রেনি
৩. আলিফ হোসেন, সম্পর্ক: ছেলে, বয়স: ০৩

প্রস্তাবনা
১. শহীদের পিতার জন্য কোন ব্যবসা প্রতিষ্ঠান করে দিলে উপকার হবে।
২. শহীদের পরিবারের বাসস্থান প্রয়োজন।